


আজ শুরু হচ্ছে শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা

অনলাইন ডেস্ক

১২ জুলাই ২০২৪, ০৯:১৩ এএম



১৮তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। দেশের আটটি বিভাগীয় শহরের বিভিন্ন কেন্দ্রে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত স্কুল-২ ও স্কুল পর্যায়ের লিখিত পরীক্ষা হবে। প্রথম দিনের পরীক্ষায় অংশ নেবেন ২ লাখ ৫১ হাজারের বেশি চাকরিপ্রার্থী।

আগামীকাল শনিবার একই সময়ে কলেজ পর্যায়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। কলেজ পর্যায়ের পরীক্ষায় প্রার্থীর সংখ্যা ২ লাখ ২৮ হাজার ৮১৩ জন।

এদিকে বন্যা পরিস্থিতির কথা বিবেচনা করে ১৮তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা পেছানোর দাবি করেছিলেন চাকরিপ্রার্থীরা। তবে পরীক্ষার সব কার্যক্রম এরইমধ্যে শেষ করা হয়েছে জানিয়ে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বলছে— পরীক্ষা পেছানোর কোনো সুযোগ নেই। শিক্ষক ঘাটতি পূরণে পরীক্ষা নিতে হবে।

এনটিআরসি এর চেয়ারম্যান সাইফুল্লাহিল আজম বলেন, ‘আমরা যেসব কেন্দ্র নির্ধারণ করেছি, সেখানে বন্যার পানি ওঠার আশঙ্কা নেই। পরীক্ষা নেয়ার ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতাও নেই। তবে বন্যা দুর্গত এলাকার প্রার্থীদের একটু সমস্যা হবে। কিন্তু আমরা নিরূপায়। কারণ শিক্ষকের অনেক সংকট। পাঠদান স্বাভাবিক রাখতে দ্রুত শিক্ষক নিয়োগ দেয়া প্রয়োজন।’

একই সঙ্গে এ পরীক্ষার প্রশ্নফাঁসের সুনির্দিষ্ট অভিযোগ পেলে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও জানিয়েছেন তিনি।